বাকেরগঞ্জ উপজেলা পরিষদের মার্চ ২০২২ মাসের মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি ঃ মোহাম্মদ শামসুল আলম
চেয়ারম্যান, উপজেলা পরিষদ,
বাকেরগঞ্জ, বরিশাল।

সভার স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ।

সভার তারিখ ঃ ১০ মার্চ ২০২২

সময় ঃ সকাল ১১.০০ ঘটিকা

উপস্থিত সদস্যদের হাজিরা রেজিষ্ট্রারে সংরক্ষিত।

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয়। কোন সংশোধনী না থাকায় উহা সর্ব সম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। এরপর বিভাগ ভিত্তিক আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| বিভাগ | বিষয়বস্তু | সিদ্ধান্ত |
|---|---|---|
| ১। স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে কোভিড-১৯ এর টিকা দান কার্যক্রম চলমান আছে। তিনি সভায় আরো জানান যে, কমিউনিটি ক্লিনিকে ১০টি সি এইচ সিপি পদ শূন্য আছে । যে পদগুলি পুরনের জন্য ইতোমধ্যে আবেদন আহবান করা হয়েছে। মেরামত যোগ্য জেনারেটর এবং যন্ত্রপাতি ক্রয়ের বিল ভাউচার উপজেলা চেয়ারম্যান মহোদয়ের দপ্তরে প্রেরণ করা হয়েছে । | ভ্যাকসিন গ্রহণে জনগণকে উৎসাহিত করার জন্য সকল জনপ্রতিনিধিকে অনুরোধ জানানো হয় । |
| ২। কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার সভায় জানান যে, চলতি রবি/২০২১-২২ মৌসুমে বাকেরগঞ্জ উপজেলায় বোরোধানসহ ডাল-তৈল জাতীয় বিভিন্ন ফসল, শাকসজী, তরমুজ, ফুট এর আবাদ হয়েছে। মাঠ ফসলের সার্বিক অবস্থা ভালো। সার ও বীজের কোন সংকট নাই । সার্বিক অবস্থা সন্তোষজনক। | উপ সহকারী কৃষি কর্মকর্তকগর্ণকে আরো তৎপর হওয়ার জন্য অনুরোধ জানানো হয় ।দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠ, সুন্দরভাবে সম্পাদনের জন্য উপজেলা কৃষি অফিসার-কে অনুরোধ জানানো হয়। |
| ৩। প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণি সম্পদ অফিসার সভায় জানান যে,তাঁর দপ্তরের দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠ ভাবে চলছে । | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠ, সুন্দরভাবে সম্পাদনের জন্য উপজেলা প্রানি সম্পদ অফিসার-কে অনুরোধ জানানো হয়। |
| ৪। মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে,জেলেদের পূর্নবাসনের জন্য ভিজিএফ কার্যক্রম সহ বিকল্প কাজ শেখানোর কার্যক্রম চলছে এবং তারই সাথে জাটকা নিধন প্রতিরোধ কার্যক্রম অব্যাহত রয়েছে। এ ছাড়াও মৎস্য চাষীদের পরাপমর্শ ও প্রশিক্ষণ সহ তাঁর দপ্তরের দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠ ভাবে চলছে । | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠ, সুন্দরভাবে সম্পাদনের জন্য উপজেলা মৎস্য অফিসার-কে অনুরোধ জানানো হয়। VGF ARC ... 20/4/22 |
| ৫। প্রকৌশল বিভাগ | ১। উপজেলা প্রকৌশলী বাকেরগঞ্জ কানকী বাজার ব্রীজের পশ্চিম পার্শ্বে হইতে দেশান্তকাঠী হাসপাতাল ব্রিজ ভায়া কাঠালিয়া খাল জনতা হাট সোনার বাংলা স্কুল সালেহিয়া মাদ্রাসা জনতা বাজার রাস্তায় ৬২৩৬ মিঃ চেইনেজে ৩০.০০ (ত্রিশ) মিটার আয়রন ব্রীজ নির্মান কাজের 1BRP – Brg-155 এর পুরাতন মালামাল চেয়ারম্যান পাদ্রীশিবপুর এর নিকট বুঝাইয়া দেওয়া হয়েছে ।<br>২। বাকেরগঞ্জ চৈতা বাজার ব্রাজ পুইয়াউটা গভঃ সরকারী প্রাইমারী স্কুল (UZR) ভায়া সোনার বাংলা হাইস্কুলের উত্তরপার্শ্বের পালোয়ান বাড়ী | ১।দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠ, সুন্দরভাবে সম্পাদনের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানানো হয়। |

| | | |
|---|---|---|
| | ১২৬৬ মিঃ চেইনেজে ১৭.০০(সতের) মিটার আয়রন ব্রীজ নির্মান Brg-158 পুরাতন মালামাল চেয়ারম্যান পাদ্রিশিবপুর এর নিকট বুঝাইয়া দেওয়া হয়েছে ।<br>৩। উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ২০১৯-২০২০ অর্থ বছরের বরাদ্দ থেকে বাস্তবায়িত উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পে অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্প, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে সেন্ট্রাল অক্সিজেন লাইন স্থাপন( প্যাকেজ নং INF-2019-20-100607-02 ) ঠিকাদারি প্রতিষ্ঠান মেসার্স জামান এন্ড সন্স প্রাক্কলন মোতাবেক সুষ্ঠুভাবে সম্পন্ন করেছে ।<br>৪। উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ০৯ নং কলসকাঠি ইউনিয়নের ঢাপরকাঠী জয়নাল সিকদারের বাড়ির সামনে পুলের পুরাতন মালামাল চেয়ারম্যান **কলসকাঠী** এর নিকট বুঝাইয়া দেওয়া হয়েছে ।<br><br>৪। উপজেলা প্রকৌশলী সভায় আরো জানান যে, ২০২০-২১ অর্থ বছরে উপজেলা পরিচালন উন্নয়ণ প্রকল্পের বরাদ্দ থেকে অবকাঠামো উন্নয়ন উপপ্রকল্প বাস্তবায়নের জন্য ডিসি রোডের খেয়াঘাটের ঘাটলা নির্মানের সিদ্ধান্ত অক্টোবর /২০২১ মাসের মাসিক সমন্বয় সভায় গৃহীত হয় । কিন্তু বিভিন্ন জটিলতার কারনে খেয়াঘাটের ঘাটলা নির্মানের পরিবর্তে উপজেলার মাধ্যমিক পর্যায়ের বিভিন্ন বিদ্যালয় ও মাদ্রাসায় উচু নিচু বেঞ্চ সরবরাহের প্রস্তাব করেন । | সভায় বিস্তারিত আলোচনান্তে প্যাকেজের চুক্তিমূল্য ভ্যাট- ট্যাক্স ব্যাতীত টাকা ৭৫৫৫৫৬/- (সাতলক্ষ পঞ্চান্ন হাজার পাঁচশত ছাপ্পান্ন ) টাকা এবং ভ্যাট-ট্যাক্স সত টকা ৮৪৪১৯৭/- টাকার চূড়ান্ত বিল অনুমোদন করা হয় । উক্ত কাজের বিল পরিশোধের জন্য বিলের কপি সহ প্রয়োজনীয় ডকুমেন্ট সমুহ উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের প্রকল্প ব্যবস্থাপনা ইউনিট, ঢাকায় প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয় ।<br><br>৪। সভায় বিস্তারিত আলোচনান্তে উক্ত প্রস্তাব সর্ব সম্মতি ক্রমে অনুমোদিত হয় এবং প্রয়োজনীয় কাগজপত্র প্রস্তুত পূর্বক প্রকল্প ব্যবস্থাপনা ইউনিটে প্রেরণ করার জন্য অনুরোধ জানানো হয় । |
| ৬। পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার সভায় জানন যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান আছে। ক্লিনিক সেবা, এফডব্লিউ ভি এবং স্যাকমো আছে। তারা সার্বক্ষনিক সেবা দিয়ে থাকেন । | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠ, সুন্দরভাবে সম্পাদনের জন্য উপজেলা উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার-কে অনুরোধ জানানো হয়। |
| ৭। সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানন যে, তার দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান আছে। বয়স্কভাতা, বিধবা ভাতা ও প্রতিবন্ধী ভাতা কার্যক্রমে ভাতাভোগীর মৃর্ত্যু হওয়ায় সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ হতে তথ্য সংগ্রহ করে ইউনিয়ন ভাতা কমিটির অনুমোদিত তালিকা অনুযায়ী অন-লাইনের মাধ্যমে ১২০০ জন প্রতিস্থাপন করা হয়েছে। চলতি ২০২১-২০২২ অর্থ বছরে বয়স্কভাতা ২০০০ জনকে বরাদ্দ প্রদান করা হয়েছে যা সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের উদ্দোক্তার মাধ্যমে অনলাইন আবেদনের প্রেক্ষিতে সফটওয়ারের মাধ্যমে অধিদফতর কর্তৃক ক অনুমোদ হয়েছে । আবেদন অনুমোদন হওয়ায় বয়স্ক ভাতা প্রত্যাশী আবেদনকারীগণ জুলাই /২০২১ হতে ৫০০/- টাকা হারে অচিরেই ভাতা পাবেন । | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠ, সুন্দরভাবে সম্পাদনের জন্য উপজেলা উপজেলা সমাজসেবা অফিসার-কে অনুরোধ জানানো হয়।ভাতাভোগী গণ যাতে কোন সমস্যার সম্মুখীন না হয় সে দিকে খেয়াল রাখার জন্য সমাজসেবা কর্মকর্তাকে অনুরোধ জানানো হয় । |
| ৮। প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, ২ মার্চ ২০২২ তারিখ থেকে প্রাথমিক বিদ্যালয়ে সীমিত আকারে সরকারি স্বাস্থ্যবিধি মেনে পাঠদান কার্যক্রম শুরু হয়েছে । এ ছাড়া তাঁর দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে । | সরকারী নির্দেশনা মেনে প্রাথমিক বিদ্যালয় গুলোর পাঠদান শুরু করার জন্য অনুরোধ জানানো হয় । |
| ৯। মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, দীর্ঘ দিন বন্ধ থাকার পর ২২ ফেব্রুয়ারী থেকে শিক্ষা প্রতিষ্ঠান খোলা হয়েছে । | শিক্ষার মান বৃদ্ধির লক্ষে সরকারি সিদ্ধান্ত যথাযথভাবে পালন করার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে অনুরোধ জানানো হয়। |

| | | |
|---|---|---|
| ১০। পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান আছে।তিনি সভায় আরো জানান যে, বাকেরগঞ্জ উপজেলায় করোনাকালীন পিরিয়ডে কর্জ আদায়ের অগ্রগতি যাতে বৃদ্ধি করা যায় তার জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা উপস্থিত সম্মানিত সকল সদস্যসহ ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান মহোদয়গণের আন্তরিক সহযোগিতা কামনা করেন । | খেলাপী ঋন আদায়ে সহযোগিতা করার জন্য মেয়র ও সকল ইউনিয়ন চেয়ারম্যাগণকে অনুরোধ জানানো হয় এবং দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু, সুন্দরভাবে সম্পাদনের জন্য উপজেলা পল্লী উন্নয়ন অফিসার-কে অনুরোধ জানানো হয়। |
| ১১। মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে,তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। VGF | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠ ও সুন্দরভাবে সম্পাদনের জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। |
| ১২। উপজেলা সমবায় বিভগ | উপজেলা সমবায় অফিসার সভায় জানান যে, দ্রুততা ও আন্তকিতা সাথে তার দপ্তর হতে নাগরিক সেবা প্রদান করা হয় । এ ছাড়াও ২০২০-২০২১ অর্থ বছরে অত্র কার্যালয় প্রাথমিক সাধারণ ১৩৪টি সমিতির অডিট বরাদ্দ ছিল । যাহা শতভাগ সম্পন্ন হয়েছে । ২০২০-২০২১ অর্থ বছরে ৩২ টি প্রাথমিক সমিতির অডিট ফি বাবদ ৮৮৫৪০/- টাকা ধার্য্য ও ৭৩৬৪০/- টাকা আদায় এবং সমবায় উন্নয়ন তহবিল বাবদ ৩৬৮৮৪/- টাকা ধার্য ও ৩৩৩৪৮/- টাকা আদায় করে যথাক্রমে চালান ও অনলাইন রশিদের মাধ্যমে ব্যাংকে জমা দেয়া হয়েছে । তাঁর কার্যালয়ের অকার্যকর/কার্যকর/ নিবন্ধন বাতিল রেজিষ্টার হালনাগাদ করা হয়েছে । সমবায়ীমনা জনগনকে উৎপদনমুখী সমবায় সমিতি গঠনের জন্য পরমর্শ প্রদান করা হচ্ছে এবং প্রস্তাবিত সমিতি নিবন্ধনের পূর্বে উদ্যোক্তাদের প্রশিক্ষণ দেয় হচ্ছে । | এ বিষয় আলোচনান্তে দাপ্তরিক কাজ সুষ্ঠভাবে সম্পাদনের জন্য উপজেলা সমবায় অফিসারকে অনুরোধ জানানো হয় । |
| ১৩। যুব উন্নয়ন দপ্তর | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে,তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু, সুন্দরভাবে সম্পাদনের জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। |
| ১৪। ত্রাণ বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, তার দপ্তরের স্বাভাবিক কার্যক্রম চলমান আছে । টি আর, কাবিখা কার্যক্রম চলমান আছে। | টি আর কাবিখা সহ সকল কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়ন করার জন্য সকল ইউনিয়ন চেয়ারম্যানগণকে অনুরোধ জানানো হয়। |
| ১৫। জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | সহকারী প্রকৌশলী সভায় জানান যে, বর্তমান অর্থ বছরে ৩৮২টি গভীর নলকূপ স্থাপন কাজ চলমান আছে। জুন/২২ ইং কাজ সমাপ্ত হবে । এবং PEDP -4 প্রকল্পের আওতায় ৮টি প্রাথমিক বিদ্যালয়ে ওয়াশ ব্লোক নির্মান কাজ চলমান আছে এবং ৩০টি বিদ্যালয়ে গভীর নলকূপ খনন কাজ চলমান আছে । অফিসের অন্যান্য কাজ সুষ্ঠভাবে চলছে । | চলমান কাজগুলো দ্রুত শেষ করার জন্য অনুরোধ জানানো হয় । |
| ১৬। বন বিভাগ | উপজেলা বন কর্মকর্তা, বাকেরগঞ্জ এস,এফ,পিসি সভায় জানান যে, তার দপ্তরের দৈনিন্দন কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে ।তিনি সভায় আরো জানান যে, ফরিদপুর ইউনিয়নের ডিসিরোড খেয়াঘাট হতে ভাতশালা চৌরাস্তা হয়ে ঋষি বাড়ী পর্যন্ত ১০ কিলোমিটার বাগানের উপরে পড়া ঝড়ে পড়া ও হেলেপড়া এবং ঝুঁকিপুর্ন গাছ অপসারনে র জন্য বিধিমোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সভায় উপস্থাপন করা হয় । | সভায় আলোচনান্তে উপস্থাপিত প্রস্তাবটি আইন মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা বন কর্মকর্তাকে অনুরোধ জানানো হয় । |
| ১৭। উপজেলা আনসারভিডিপি বিভাগ | উপজেলা আসার ও ভিডিপি কর্মকর্তা (ভারপ্রাপ্ত) সভায় জানান গত ৩/৩/২২ তারিখে উপজেলা আনসার ও ভিডিপি দপ্তরের ভাতাভূক্ত সদস্যদের নিয়ে কার্যলয়ের মাসিক সভা অনুষ্ঠিত হয় । সভায় ২৬ মার্চের প্রস্তুতি নিয়ে আলোচনা করা হয় এবং কুজকাওয়াজে সকল সদস্যদের অংশগ্রহন করতে বলা হয় । জেলা কার্যালয়ে ২১ দিনের অস্ত্রসহ ভিডিপি মৌলিক প্রশিক্ষনে অংশগ্রহনের জন্য ২০ জন সদস্যকে বাছাই করা হয় । ভাতাভুক্ত সকল সদস্যকে দেশের সার্বিক আইন-শৃঙ্খলা বিষয়ে সজাগ দৃষ্টি রাখার জন্য অনুরোধ জানানো হয় । তার দপ্তরের দাপ্তরিক কার্যাবলী যথা নিয়মে চলছে । | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু, সুন্দরভাবে সম্পাদনের জন্য উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা-কে অনুরোধ জানানো হয়। |

| | | |
|---|---|---|
| ১৮। উপজেলা খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য অফিসার সভায় জানান যে, খাদ্যবান্দব কর্মসূচীর আওতায় দাড়িয়াল, দুধল, নলুয়া, কলসকাঠি ও ভরপাশা ইউনিয়নের তালিকার কিছু নাম সংশোধন করে অনুমোদনের জন্য দাখিল করেছেন । | এ বিষয় সভায় উপস্থিত চেয়ারম্যান গণের সাথে সংশোধনের বিষয় বিস্তারিত আলোচনান্তে যুক্তি সংগত কারণ থাকায় সংশোধিক তালিকা অনুমোদনের সর্ব সম্মত সিদ্ধান্ত গৃহীত হয় । |

সভায় অন্য কোন আলোচ্য সূচি না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(মোহাম্মদ শামসুল আলম)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, বাকেরগঞ্জ
ও সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সভা

স্মারক নং-০৫.১০.০৬০৭.০০০.০৬.০০১.১৬-১৯৩

তারিখ ঃ ১০ মার্চ ২০২২

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে ঃ

১। মাননীয় সংসদ সদস্য, ১২৪, বরিশাল-৬ (বাকেরগঞ্জ) নির্বাচনী এলাকা।
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, বরিশাল বিভাগ, বরিশাল।
৪। জেলা প্রশাসক, বরিশাল।
৫। মেয়র, বাকেরগঞ্জ পৌরসভা, বরিশাল।
৬। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ,বাকেরগঞ্জ, বরিশাল।
৭। উপজেলা..............................................অফিসার, বাকেরগঞ্জ, বরিশাল।
৮। চেয়ারম্যান..........................................(সকল) ইউপি, বাকেরগঞ্জ, বরিশাল।

২০.০৩.২২
(মাধবী রায়)
উপজেলা নির্বাহী অফিসার
বাকেরগঞ্জ, বরিশাল